

## NYU Langone Hospitals

# আর্থিক সহায়তার সারসংক্ষেপ



নিউ ইয়র্ক ইউনিভার্সিটি ল্যাঙ্গোন হাসপাতালগুলি (NYU Langone Hospitals) স্বীকার করে যে অনেক সময় রোগীদের যখন পরিচর্যার প্রয়োজন তখন তাদের প্রদত্ত পরিষেবার জন্য আর্থ পরিশোধ করতে অসুবিধার সম্মুখীন হতে হয়। আয়ের উপর ভিত্তি করে হাসপাতালগুলি যোগ্য ব্যক্তিদের ডিস্কাউন্ট বা ছাড় দেয়। এছাড়ও, আপনি যদি যোগ্য বলে বিবেচিত হন তাহলে আমরা আপনাকে বিনামূল্যের বা কম-খরচের বীমার জন্য আবেদন করতে সহায়তা করতে পারি। বিনামূল্যে, গোপনীয়ভাবে সহায়তা পাওয়ার জন্য, শুধুমাত্র নিম্নে দেওয়া সুবিধাজনক জায়গাগুলিতে অবস্থিত আমাদের আর্থিক পরামর্শের কার্যালয়গুলির (Financial Counseling Offices) মধ্যে কোনো একটিতে যোগাযোগ করুন।

### Manhattan Tisch and Langone Orthopedic Hospital (LOH)

- টিশ (Tisch): 550 1st Avenue,  
Room Tisch MSB G200
- LOH: 301 East 17th Street, Room 203B
- ফোন # 1-866-486-9847

### ক্রকলিন:

- 150 55th Street, Suite LB 2840
- ফোন # 1-718-630-6252

### লং আইল্যান্ড:

- 131 Mineola Boulevard, Suite 105
- ফোন # 1-516-663-8373

### সাফোক (Suffolk):

- 101 Hospital Road, Room NW 1011
- Phone # 1-631-687-4653

বিশদ তথ্যের জন্য, অনুগ্রহ করে আমাদের ওয়েবসাইট [www.nyulangone.org/insurance-billing-financial-assistance](http://www.nyulangone.org/insurance-billing-financial-assistance) ভিজিট করুন।

কারা ডিস্কাউন্টের যোগ্য বলে বিবেচিত হবে?

নিউ ইয়র্ক স্টেটের প্রত্যেক বাসিন্দা যাদের চিকিৎসাগতভাবে প্রয়োজনীয় পরিষেবার প্রয়োজন এবং সেই প্রত্যেকটি ব্যক্তি যার আমাদের যেকোনো হাসপাতাল অবস্থানে জরুরি পরিষেবার প্রয়োজন রয়েছে এবং যাদের আয় সীমিত, কোনো স্বাস্থ্য বীমা করানো নেই কিংবা স্বাস্থ্য বীমার সুবিধা পাওয়ার মেয়াদ শেষ হয়ে গেছে, তাদের জন্য আর্থিক সহায়তা উপলব্ধ রয়েছে। আপনার আর্থিক সহায়তার প্রয়োজন আছে বলে আপনাকে চিকিৎসা সংক্রান্ত প্রয়োজনীয় পরিচর্যা প্রদান করা থেকে প্রত্যাখান করা যাবে না। আপনার অভিবাসন সংক্রান্ত পরিস্থিতি (Immigration Status) নির্বিশেষে আপনি ডিস্কাউন্টের জন্য আবেদন করতে পারেন।

### আয়ের সীমাগুলি কী?

ডিস্কাউন্টের পরিমাণ আপনার আয় ও পরিবারের সদস্য সংখ্যা অনুযায়ী পরিবর্তিত হয়। আপনার যদি কোনো স্বাস্থ্য বীমা না থাকে, আপনার বীমার সুবিধাগুলি শেষ করে ফেলেন, ডিডক্টিবল, কো-পে, বা কোইনস্যুরেন্স বাবদ অর্থ প্রদান করে থাকেন, তাহলে সবচেয়ে সাম্প্রতিক নিউ ইয়র্ক স্টেট যুক্তরাষ্ট্রীয় দারিদ্র্য সীমা (Federal Poverty Levels বা FPL) অনুযায়ী আপনার আয়ের ভর এবং পরিবারের সদস্য সংখ্যার উপর ভিত্তি করে আপনার জন্য কতটা ডিস্কাউন্ট প্রযোজ্য তা দেখার জন্য অনুগ্রহ করে আমাদের ওয়েবসাইট [www.nyulangone.org/insurance-billing-financial-assistance](http://www.nyulangone.org/insurance-billing-financial-assistance) এ ভিজিট করুন।

### আমি আয়ের সীমা পূরণ না করলে কী হবে?

আপনি আপনার বিল পরিশোধ করতে না পারলে, হাসপাতাল আপনাকে একটি মাসিকভাবে পরিশোধ করার পরিকল্পনার (Monthly Payment Plan) প্রস্তাব দিতে পারে। আপনি কত পরিমাণ পরিশোধ করবেন তা আপনার আয়ের উপর নির্ভর করবে কিন্তু সেটি কোনো পরিস্থিতিতেই আপনার মোট মাসিক আয়ের 5 শতাংশের বেশি হবে না।

কেউ কি ডিস্কাউন্টের বিষয়টি আমাকে ব্যাখ্যা করার জন্য থাকবেন?

কেউ কি আবেদন করতে আমায় সাহায্য করবেন?

হ্যাঁ, বিনামূল্যে, গোপনীয় সহায়তা উপলব্ধ।

আমাদের আর্থিক পরামর্শ কার্যালয়গুলির মধ্যে যেকোনো একটিতে কল করুন:

ম্যানহাটন: 1-866-486-9847

ক্রকলিন: 1-718-630-6252

লং আইল্যান্ড: 1-516-663-8373

সাফোক: 1-631-687-4653

আপনি যোগ্য বলে বিবেচিত হলে আর্থিক পরামর্শদাতা আপনাকে সেটি জানাবেন এবং আপনাকে Medicaid বা নিউইয়র্ক স্টেট অফ হেলথ মার্কেটপ্লেস পরিকল্পনার মতো একটি বিনামূল্যের বা কম-খরচের বীমার জন্য আবেদন করতে সহায়তা করবেন। আর্থিক পরামর্শদাতা যদি দেখেন যে আপনি কম-খরচের বীমা পাওয়ার যোগ্য নন, তাহলে তারা ডিসকাউন্টের জন্য আবেদন করতে আপনাকে সহায়তা করবেন। পরামর্শদাতা সমস্ত ফর্মগুলি পূরণ করতে আপনাকে সাহায্য করবেন এবং কোন নথিপত্রগুলি আপনাকে নিয়ে আসতে হবে তা আপনাকে জানিয়ে দেবেন। আপনি যদি ইংরাজিতে কথা বলতে না পারেন, তাহলে কেউ আপনাকে আপনার নিজের ভাষায় সহায়তা করবেন।

### ডিসকাউন্টের জন্য আবেদন করতে আমার কী কী লাগবে?

আর্থিক পরামর্শদাতা আপনাকে একটি আবেদনপত্র দেবেন অথবা আপনি আমাদের ওয়েবসাইট

[www.nyulangone.org/insurance-billing-financial-assistance](http://www.nyulangone.org/insurance-billing-financial-assistance) থেকে আবেদনপত্রের একটি প্রিন্ট বের করে নিতে পারেন। শুধুমাত্র আবেদনপত্রটি পূরণ করুন এবং সেটিকে আমাদের যেকোনো একটি আর্থিক পরামর্শ কার্যালয়ের অবস্থানে জমা করুন।

### কী কী পরিষেবা দেওয়া হয়?

সহায়তা কর্মসূচি (Assistance Program) হাসপাতালের অন্তর্বিভাগীয় (Inpatient) এবং নিবন্ধ 28 এর অধীনে থাকা বহিবিভাগীয় সুবিধাগুলিতে (Ambulatory Facilities) প্রদত্ত চিকিৎসাগতভাবে প্রয়োজনীয় পরিষেবাগুলির খরচ বহন করে। Medicare কর্তৃক "চিকিৎসাগতভাবে প্রয়োজনীয় পরিষেবা" কে সংজ্ঞায়িত করা হয়েছে এমন পরিষেবা বা সরবরাহ হিসাবে যা কোনো রোগীর চিকিৎসা সংক্রান্ত বা স্বাস্থ্যগত অবস্থা নির্ণয় অথবা চিকিৎসার জন্য প্রয়োজনীয় এবং যা চিকিৎসা অনুশীলনের স্বীকৃত মানদণ্ড পূরণ করে; পরিষেবাগুলি অন্তর্বিভাগীয় পরিচর্যা হিসাবে, জরুরি বিভাগে প্রদত্ত চিকিৎসা, অথবা বহিবিভাগীয় সুবিধাগুলিতে (যেমন, পরীক্ষাগার বা গবেষণাগার পরিষেবা, ম্যাগনেটিক রেজোন্যাল ইমেজিং (MRI), কেমোথেরাপি, শারীরিক চিকিৎসা, পেশাগত চিকিৎসা) প্রদত্ত পরিচর্যার আকারে হতে পারে।

সহায়তা কর্মসূচি যেগুলির ক্ষেত্রে প্রযোজ্য নয়: (1) এমন পরিষেবা যেগুলি চিকিৎসাগতভাবে প্রয়োজনীয় নয়, যার মধ্যে কসমেটিক বা রূপবর্ধক প্রক্রিয়াগুলি অন্তর্ভুক্ত রয়েছে কিন্তু সীমাবদ্ধ নয়; (2) বাণিজ্যিক বীমা পরিকল্পনায় (Commercial Insurance Plan)

নথিভুক্ত রোগীদের জন্য ঐচ্ছিক চিকিৎসার খরচ যেখানে হাসপাতালের সাথে চুক্তি করা হয় না এবং ঐচ্ছিক পরিষেবার জন্য হাসপাতালকে ব্যয়পূরণ দেওয়া হয় না অথবা নেটওয়ার্কের বাইরে সুবিধা পাওয়া যায় না; (3) অ্যাস্থুলেন্সের খরচ; এবং (4) বিবেচনামূলক খরচ (Discretionary Charge), যার মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে ব্যক্তিগতভাবে দায়িত্বে থাকা নাসিংয়ের খরচ এবং ব্যক্তিগত ঘরের জন্য অতিরিক্ত খরচ (Differential Charge) কিন্তু সীমাবদ্ধ নয়। এছাড়াও, সহায়তা কর্মসূচিটি চিকিৎসকদের তাদের ব্যক্তিগত কার্যালয়তে দেওয়া পরিষেবার জন্য নেওয়া পেশাগত পারিশ্রমিকের ক্ষেত্রে অথবা রেডিওলজি পরিষেবা এবং অ্যানেস্থেসিওলজি পরিষেবার মতো যারা হাসপাতাল থেকে বিচ্ছিন্নভাবে বিল করে, সেগুলির ক্ষেত্রে প্রযোজ্য নয়।

### আমাকে কত পরিমাণ অর্থ পরিশোধ করতে হবে?

জরুরি পরিস্থিতি বা অন্যান্য চিকিৎসাগতভাবে প্রয়োজনীয় পরিচর্যার জন্য, আপনাকে সাধারণভাবে বিল করা অর্থের পরিমাণের (amounts generally billed বা "AGB") উপর ভিত্তি করে চার্জ করা হবে, যা বীমা এবং Medicare দ্বারা প্রদত্ত অর্থের গড় পরিমাণ দ্বারা নির্ধারিত ডিসকাউন্টের হার।

অনুগ্রহ করে মনে রাখবেন যে উপরে বর্ণিত আয়ের পরীক্ষার উপর ভিত্তি করে ডিসকাউন্ট নির্ধারণ করা হয়। আপনার আয় যুক্তরাষ্ট্রীয় দারিদ্র্য সীমার ("FPL") 600 শতাংশ বা তার কম হলে এবং যোগ্যতা নির্ণয়ক অন্যান্য সমস্ত শর্তগুলি পূরণ করলে আপনাকে \$0 এর মতো ন্যূনতম অর্থ প্রদান করতে হতে পারে।

আপনার আবেদনপত্রের প্রক্রিয়াকরণ হয়ে গেলে আমাদের আর্থিক পরামর্শদাতা আপনার নির্দিষ্ট ডিসকাউন্ট (গুলি) সমন্বে আপনাকে বিস্তারিত তথ্য প্রদান করবেন।

### আমি কীভাবে ডিসকাউন্ট পাব?

আপনাকে আবেদনের ফর্মটি পূরণ করতে হবে। আপনার আবাস, আয়, এবং পরিবারের সদস্য সংখ্যা সম্পর্কে তথ্য পাওয়ার সাথে সাথে ডিসকাউন্টের জন্য আমরা আপনার আবেদনপত্রটির প্রক্রিয়াকরণ করব। আপনার অ্যাপ্রেন্টিমেন্টের আগে, পরিচর্যার জন্য আপনি যথেন হাসপাতালে আসবেন, কিংবা ডাকযোগে আপনার কাছে বিল আসার সময়েও আপনি ডিসকাউন্টের জন্য আবেদন করতে পারবেন। উপরে তালিকাভুক্ত যেকোনো একটি অবস্থানে পূরণ করা ফর্মটি প্রেরণ করুন।

আমাকে যে ডিসকাউন্টের জন্য অনুমোদিত বা মঞ্জুর করা হয়েছে তা আমি কীভাবে জানব? আবেদন সম্পূর্ণ করে জমা দেওয়ার 30 দিনের মধ্যে হাসপাতাল আপনাকে একটি চিঠি পাঠাবে, যাতে আপনি অনুমোদন পেয়েছেন কিনা এবং আপনি কতখানি ডিসকাউন্ট পাওয়ার জন্য যোগ্যতা লাভ করেছেন তা বলা থাকবে।

আমি ডিসকাউন্ট পাব কিনা তা শোনার জন্য অপেক্ষার থাকাকালীন যদি কোনো বিল আসে তাহলে কী হবে?

ডিসকাউন্টের জন্য আপনার আবেদনপত্র বিচেনাধীন থাকাকালীন আপনার হাসপাতালের বিল পরিশোধ করার প্রয়োজন নেই। আপনার আবেদন থারিজ করা হলে, হাসপাতাল অবশ্যই লিখিতভাবে আপনাকে সেটি জানাবে এবং অবশ্যই হাসপাতালের উর্ধ্বর্তন কর্তৃপক্ষের কাছে সিদ্ধান্তটির বিরুদ্ধে আবেদন করার উপায়গুলি জানাবে।

আমার যদি হাসপাতালের সাথে কোনো সমস্যা থাকে এবং সেটির সমাধান করতে না পারি, তাহলে কী হবে?

আপনি নিউইয়র্ক স্টেটের স্বাস্থ্য দপ্তরের (New York State Department of Health) অভিযোগ জানাবার হটলাইন 1-800-804-5447 নম্বরে ফোন করতে পারেন।